গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৭৯

## পাবনায় টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন উপলক্ষ্যে ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত

রাজশাহী; ১০ আশ্বিন, (২৫ সেপ্টেম্বর):

আজ বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) পাবনা জেলা তথ্য অফিসের আয়োজনে সিভিল সার্জন কার্যলয়ের সম্মেলন কক্ষে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ উপলক্ষ্যে জেলা পর্যায়ের ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় স্কাউট ও গার্লস গাইডের যুব সেচ্ছাসেবীরা অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত ছিলেন গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক ফায়জুল হক।

প্রধান অতিথির বক্তব্যে মহাপরিচালক বলেন, একটি সুস্থ জাতি গঠনের জন্য আমাদের সকলকে অবশ্যই টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন সফল করে তুলতে হবে। আর সেক্ষেত্রে যুব সেচ্ছাসেবী সংগঠন হিসেবে বাংলাদেশ স্কাউট ও গার্লস গাইড অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বিশেষ করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া থেকে শুরু করে টিকা প্রদান এবং গুজব প্রতিরোধে তাদের ভূমিকা হবে ফলপ্রসু।

এ সময় সকলের প্রচেষ্টার মাধ্যমে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন সফল হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন

অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় সিভিল সার্জন ডা. মো. আবুল কালাম আজাদ টাইফয়েড জ্বর, শিশু স্বাস্থ্যের ক্ষতিকর প্রভাব, প্রতিরোধসহ টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ সফল করে তোলার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান করেন।

পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের করণীয় বিষয়ে আলোচনা করেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি ডা. রাশেদুল বারী।

সিনিয়র তথ্য অফিসার মো. সামিউল আলমের পরিচালনায় কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক মনিরুজ্জামান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে গণযোগাযোগ অধিদপ্তরের উপপরিচালক মো. রিয়াদুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার মো. আব্দুর রাজ্জাক এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আশরাফুল কবীর উপস্থিত ছিলেন।

.................................................................

আলীম/তৌহিদ/আতিক/রুহুল/হালিম/২০২৫/১৮:২০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd